

26 জুন, 2020

প্রিয় পরিবারবর্গ,

এই অভাবিতপূর্ব শিক্ষা বছর যখন সমাপ্তির দিকে, তখন আমি আপনাকে ও আপনার সন্তানকে স্কুল ভবনগুলো বন্ধ করার ও দূর থেকে শিক্ষার সাথে মানিয়ে চলায় আপনাদের ধৈর্য, পরিশ্রম ও অধ্যবসায়ের জন্য ধন্যবাদ জানাতে চাই। কেউ কখনও এ ধরনের বিঘ্ন সৃষ্টিকারী ও ক্ষতিকর মহামারীর কল্পনাই করতে পারেনি। এটি আপনাদের জন্য যে সমস্যা তৈরি করেছে এবং আমাদের শিক্ষার্থীদের জন্য যে নতুন নতুন জটিলতা নিয়ে এসেছে—বিশেষ করে তাদের ক্ষেত্রে, যারা ইংরেজিতে তাদের দক্ষতা গড়ে তুলছে, আমি সেটা উপলব্ধি করছি।

আমি কিভারগার্টেন শুরু করেছিলাম ইংরেজিতে একটি শব্দ না জানা অবস্থা থেকে, সুতরাং আমি ব্যক্তিগতভাবে জানি আপনি ও আপনার সন্তানকে এমন কি স্বাভাবিক পরিস্থিতিতেও কেমন সমস্যা মোকাবিলা করতে হয়। এজন্যই আমরা DOE-এর সবাই আপনাদের বাড়ির ভাষা, বাড়ির সংস্কৃতি, এবং ঐতিহ্য—যেসব বিষয় আপনাকে ও আপনার সন্তানকে একটি স্বতন্ত্র পরিচিতি দেয়, তার সবকিছুকে আমরা মূল্যায়ন করি। আমরা আপনার সন্তানের শিক্ষাগত অভিজ্ঞতাকে নিরাপদ, আন্তরিক, ও সহায়ক হিসেবে পরিণত করার জন্য নিবেদিত। আমাদের স্কুল ভবনগুলোতে এবং যখন আমরা দূর থেকে শিক্ষাদান করি, তখনও সেটি সত্য।

সামার (গ্রীষ্ম) জুড়ে এবং ফল (হেমন্ত) অভিমুখে অগ্রসর হওয়ার সময় আমরা আমাদের শিক্ষার্থীদের সেসব জ্ঞান ও উপকরণের জোগান দিতে প্রতিশ্রুতিবদ্ধ, আপনার সন্তানের গ্রেড পর্যায়ের পাঠ্য বিষয় আয়ত্ত্ব করা নিশ্চিত করতে ভাষাগত সহায়তালাভে যা প্রয়োজন। সামার জুড়ে সন্তানের ভাষাগত উন্নতির জন্য কোন্ প্রোগ্রাম, তথ্য-উপকরণ এবং কৌশল আপনি ব্যবহার করতে পারেন, সেটা জানার জন্য আপনি যদি ইতোমধ্যে আপনার শিক্ষকের সাথে যোগাযোগ না করে থাকেন, তাহলে তা করার জন্য আমি আপনাকে উৎসাহিত করছি। সামার (গ্রীষ্ম) জুড়ে আপনার সন্তানের শিক্ষা প্রক্রিয়ায় সহায়তাদান আমাদের সকলের জন্য একটি অগ্রবিবেচ্য বিষয়।

একই সময়ে, অনুগ্রহ করে এর পাশাপাশি আপনার সন্তানের সাথে বাড়ির ভাষায় কাজ করুন! আপনি যে ভাষা ব্যবহার করেন, সে ভাষায় রিডিং, রাইটিং (পাঠ করা, লিখা) এবং প্রশ্ন করা শিখালে সেটা তাকে উভয় ভাষায় প্রাতিষ্ঠানিক সাফল্যের দিকে এগিয়ে দেবে।

আমরা ফল-এর (হেমন্তের) দিকে তাকিয়ে আছি এবং সম্ভাব্য সবচেয়ে নিরাপত্তার সাথে স্কুল ভবনগুলো পুনরায় খোলার ব্যাপারে গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত নিচ্ছি। আপনি যদি ইতোমধ্যে না করে থাকেন, তাহলে অনুরোধ করছি, অনুগ্রহ করে প্রক্রিয়াটিকে সঠিক পথে পরিচালনায় আমাদের সহায়তা দিতে আমাদের রিটার্ন টু স্কুল সার্ভে (স্কুলে পুনরায় ফিরে আসা সংক্রান্ত জরিপ) 30 জুনের মধ্যে schools.nyc.gov/returntoschool2020 ওয়েবপেজে পূরণ করুন।

সন্তানের শিক্ষায় আপনাদের সহায়তার জন্য কৃতজ্ঞ এবং আপনার সামার উপভোগ্য হবে বলে প্রত্যাশা করছি।

বিনীত,



রিচার্ড এ. কারানজা (Richard A. Carranza)

চ্যান্সেলর

নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অভ এডুকেশন